# “মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সেচযন্ত্র অপারেরটরদের ভাতা প্রদান” শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের বিবরণ।

| ক্রঃ নং | মন্ত্রণালয় ও দপ্তরের নাম | উদ্ভাবনের নাম | উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবন গ্রহনের যৌক্তিকতা | উদ্ভাবকের নাম ও ঠিকানা | উদ্ভাবনটি বাস্তবায়নের উপযোগিতা | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | উদ্যোগটি বাস্তবায়নের পূর্বে | উদ্যোগটি বাস্তবায়নের পরে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে সেচযন্ত্রের অপারেটর ভাতা প্রদান | উদ্ভাবিত উদ্যোগটি বাস্তবায়িত হলে সেচ যন্ত্রের অপারেটর ভাতা নিম্নরুপে পরিশোধিত হবেঃ<br><br>১. জোন দপ্তরের সহকারী প্রকৌশলী কর্তৃক স্থানীয় মোবাইল ব্যাংকিং সুবিধা সম্পন্ন ব্যাংকে পৃথক একটি অপারেটর ভাতা প্রদান হিসাব খুলতে হবে। একই সাথে জোন দপ্তরের আওতাধীন প্রতিটি সেচযন্ত্রের অপারেটরগণের মোবাইল নম্বরের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংকের মোবাইল ব্যাংকিং হিসাব খোলা নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নির্ধারিত দিনে জোন দপ্তরে সকল অপারেটর এবং ব্যাংক প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করে প্রয়োজনীয় প্রশিক্ষণ ও প্রত্যেক অপারেটরের মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলার উদ্যোগ গ্রহন করতে হবে।<br><br>২. জোন দপ্তরের কারিগরী ও হিসাব শাখা হতে হ তে অপারেটর বিল প্রস্তুতের পর তৎপরিমান অর্থ সংশ্লিষ্ট ব্যাংকের অপারেটর ভাতা প্রদান হিসাবে এডভাইসসহ স্থানান্তর করতে হবে। প্রেরিত এডভাইসে অপারেটরগণের মোবাইল নম্বরের বিপরীতে প্রাপ্য ভাতার পৃথক বিবরণী দিতে হবে।<br><br>৩. জোন দপ্তর হতে প্রাপ্ত এডভাইস অনুযায়ী ব্যাং ক কর্তৃক সংশ্লিষ্ট অপারেটরদের মোবাইল একাউন্টে অপারেটর ভাতার টাকা স্থানান্তর করা হবে। | সেচযন্ত্রের অপারেটরগণ ঘন্টাভিত্তিক অপারেটর ভাতা প্রাপ্ত হন। প্রচলিত পদ্ধতি অনুযায়ী জোন অফিস কর্তৃক মৌসুম ভিত্তিক অপারেটর ভাতা প্রস্তুত ও স্থানীয় ব্যাংকের মাধ্যমে হিসাবে প্রদেয় চেকের মাধ্যমে অপারেটর ভাতা পরিশোধ করা হয়। এই প্রক্রিয়া সম্পাদনে দীর্ঘসূত্রীতার ফলে সময় ক্ষেপন , কর্মঘন্টার অপচয় হয়। অপারেটর কর্তৃক চেক সংগ্রহ ও ব্যাংক হতে ভাতা কালেকশনের জন্য একাধিকবার যাতায়াতের ফলে অপারেটরদের ভোগান্তি ও ব্যয় বৃদ্ধি হয়। এছাড়াও প্রত্যন্ত এলাকায় ব্যাংকিং সহজলভ্য না হওয়ায় এবং অধিকাংশ ক্ষেত্রে সেচযন্ত্রের অপারেটরগণ স্বল্প শিক্ষিত ও গ্রাম্য মহিলা হওয়ায় ব্যাংকে যাতায়াতে আগ্রহী হোন না।<br><br>উদ্যোগটি বাস্তবায়নের মাধ্যমে অপারেটর ভাতা পরিশোধ প্রক্রিয়া মোবাইল ব্যাংকিং এর আওতায় এনে সহজীকরণ করা হবে। সেচযন্ত্রের সংশ্লিষ্ট অপারেটগণকে তাদের প্রাপ্য অপারেটর ভাতা জোন দপ্তর হতে বিল প্রস্তত ও পাশের পর অপারেটরদের স্ব স্ব | ড. প্রকৌঃ মোঃ আবুল কাসেম তত্বাবধায়ক প্রকৌশলী ও ইনোভেশন অফিসার বিএমডিএ রাজশাহী। | উদ্যোগটি বাস্তবায়নের পূর্বে অপারেটর ভাতা পরিশোধে ন্যুনতম দুই থেকে তিন দফা চেক লিখতে হিসাব শাখার শ্রমঘন্টার অপচয় ছাড়াও , চেক সংগ্রহ , যাতায়াত ইত্যাদি বাবদ চেক প্রতি গড়ে ১৫/- টাকা ব্যয় হয়।<br><br>ভাতার চেক গ্রহণ ও ব্যাংক হতে টাকা কালেকশনের জন্য একজন অপারেটরকে কমপক্ষে দুই থেকে তিনবার জোন দপ্তর ও ব্যাংকে যাতায়াত করতে হয়। ন্যুনতম গড় ব্যয় প্রায় ৫০০/- টাকা।<br><br>ব্যাংক হতে অপারেটর ভাতা স্থানান্তর ও কালেকশন চার্জ বাবদ ট্রাকজেকশন প্রতি ব্যয় কমপক্ষে ৩৫/- টাকা।<br><br>কোন কোন ক্ষেত্রে স্বল্প অর্থের কিছু চেক (১০০/- টাকা থেকে ৩০০/- টাকা পর্যন্ত) গ্রহণের জন্য অপারেটরগণ জোন অফিসে আসেননা। ফলে দপ্তরে দীর্ঘদিন জমা থাকায়ও সেগুলি নিয়ে দুর্নীতির সুযোগ থাকে।<br><br>সার্বিক বিবেচনায় প্রচলিত পদ্ধতিতে অপারেটর ভাতা পরিশোধে কর্তৃপক্ষের ১৬০০০টি সেচযন্ত্রের বিপরীতে প্রায় (১৫+১৫+৪০০+৩৫+ ৩৫) = ৫০০ × ১৬০০০ = ৮০,০০,০০০/- টাকা ব্যয় হয়। একজন অপারেটর গড়ে ৮০০ ঘন্টা থেকে ২২০০ ঘন্টা পর্যন্ত সেচযন্ত্র পরিচালনার বিপরীতে বছরে ৮০০০/- টাকা হতে ২২০০০/- টাকা হিসেবে গড়ে প্রায় ১১০০০/- টাকা ভাতা পেয়ে থাকেন। প্রচলিত পদ্ধতিতে ভাতার টাকা উত্তোলনে প্রত্যেক অপারেটরের প্রাপ্য ভাতার ৫% অর্থ ব্যয় হয়। | উদ্যোগটি বাস্তবায়ন করা হলে অপারেটর ভাতা প্রস্তুতে কোন চেক প্রয়োজন হবেনা। শুধুমাত্র এসএমএস বান্ডিল ক্রয়ে এসএমএস প্রতি ০.১৫ টাকা ব্যয় হবে।<br><br>অপারেটর ভাতার চেক গ্রহণ ও টাকা কালেকশনের জন্য সংশ্লিষ্ট অপারেটরকে জোন দপ্তর ও ব্যাংকে যেতে হবেনা। ফলে এ সংক্রান্ত কোন ব্যয় হবেনা।<br><br>অপারেটরগণ স্থানীয় এজেন্টের মাধ্যমে ট্রাকজেকশন প্রতি ০.৯% ব্যয়ে ভাতার টাকা উত্তোলন করতে পারবেন। ব্যাংক ও এটিএম বুথ হতে উত্তোলনের ক্ষেত্রে কোন চার্জ লাগবেনা।<br><br>চেক ও নগদ টাকার লেনদেন না থাকায় দুর্নীতির কোন সুযোগ থাকবেনা।<br><br>সার্বিক বিবেচনায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতা পরিশোধে অপারেটর প্রতি সর্বোচ্চ ব্যয় ৯৯.৪৫ টাকা।সে হিসেবে উদ্ভাবিত পদ্ধতিতে মোট ব্যয় ৯৯.৪৫ × ১৬০০০ = ১৫,৯১,২০০/- টাকা। এক্ষেত্রে ভাতার টাকা উত্তোলনে প্রাপ্য ভাতার প্রায় ১% অর্থ ব্যয় হবে এবং কর্তৃপক্ষের সেচযন্ত্রের অপারেটর ভাতা প্রদান প্রক্রিয়ায় প্রতিবছর অপারেটরদের প্রায় ৬৪,০৮,৮০০/- সাশ্রয় হবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ভাতার টাকার স্থানান্তরেরএকটি নিশ্চিতকরণক্ষুদে বার্তা সংশ্লিষ্ট অপারেটর ও জোন দপ্তরের নির্দিষ্ট মোবাইল নম্বরে প্রেরিত হবে। এছাড়াও ভাতার টাকা অপারেটরদেরমোবাইল ব্যাংকিং হিসাবে স্থানান্তরের প্রক্রিয়া সম্পন্নেরপর ব্যাংক কর্তৃক একটি বিবরণী সংশ্লিষ্ট জোন দপ্তরে প্রেরিত হবে।<br><br>৪. অপারেটরগণতাঁদের সুবিধা অনুযায়ী যে কোন সময় নিকটস্থ মোবাইল ব্যাংকিং এজেন্টের নিকট হতে ভাতার টাকা উত্তোলন করতে পারবেন।<br><br>বর্ণিত উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়িত হলে অপারেটরদেরযাতায়াত ভোগান্তি, ব্যয় ও কর্মঘন্টারসাশ্রয় হবে। অর্থ্যাৎ সময় , ব্যয় ও যাতায়াত কম হবে। এছাড়াও সম্পূর্ণ প্রক্রিয়া সম্পাদনেস্বচ্ছতা থাকায় অপারেটর ভাতা পরিশোধেদুর্নীতির কোন সুযোগ থাকবে না। | মোবাইল ব্যাংক হিসাবে স্থানান্তর করে দেয়া হবে। অপারেটরগণ তাঁদের সুবিধা অনুযায়ী যে কোন সময় নিকটস্থ মোবাইল ব্যাংকিং এজেন্টের নিকট হতে ভাতার টাকা উত্তোলন করতে পারবে ন। ফলে অপারেটরদের যাতায়াত ভোগান্তি হ্রাস, সার্বিক ব্যয় ও কর্মঘন্টার সাশ্রয় হবে। | | | |

| প্রক্রিয়ার বিবরণ | বাস্তবায়নের পূর্বে | বাস্তবায়নের পূর্বে |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ভাতা প্রদান প্রক্রিয়ার সম্ভাব্য সময় ( T ) | ১৫ থেকে ২০ দিন | ২ থেকে ৩ দিন |
| প্রাপ্য ভাতা নগদায়ন পর্যন্ত ব্যয় ( C ) | প্রায় ৫০০/- টাকা (প্রাপ্য ভাতার ৫%) | প্রায় ৯৯.৪৫/- টাকা (প্রাপ্য ভাতার ১%) |
| ভাতা গ্রহনের জন্য যাতায়াত (V) | কমপক্ষে ৪ বার | একবারও না |

ড. প্রকৌ: মো: আবুল কাসেম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও
ইনোভেশন অফিসার
বিএমডিএ, রাজশাহী
ফোন : ০৭২১-৭৬১৪৩০
dmkasem@bmda.gov.bd